

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
ঢাকা সেনানিবাস।  
[www.dmlc.gov.bd](http://www.dmlc.gov.bd)  
নিয়োগ বিজ্ঞপ্তি

সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নলিখিত শূন্য পদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম ও বেতনস্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১	২	৩	৪
১.	প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) ২২,০০০-৫৩,০৬০/-	০৭টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং কম্পিউটার বিজ্ঞান/আইসিটি বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি; বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোনো ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।
২.	প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) ২২,০০০-৫৩,০৬০/-	০৫টি	মার্কেটিং/ইন্টারন্যাশনাল বিজনেস/ম্যানেজমেন্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে মার্কেটিং/ইন্টারন্যাশনাল বিজনেস/ ম্যানেজমেন্ট বিষয়সহ মার্কেটিং/ইন্টারন্যাশনাল বিজনেস/ম্যানেজমেন্ট বিষয়ে ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি; বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোনো ০১টি ৩য় শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে।
৩.	প্রদর্শক (পদার্থবিজ্ঞান) ১৬,০০০-৩৮৬৪০/-	০২টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোনো ০১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। অথবা স্নাতকোত্তর/সমমান পর্যায়ের ২য় শ্রেণি থাকলে অন্যান্য পর্যায়ে যেকোনো ০১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।
৪.	প্রদর্শক (রসায়ন) ১৬,০০০-৩৮৬৪০/-	০২টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোনো ০১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। অথবা স্নাতকোত্তর/সমমান পর্যায়ের ২য় শ্রেণি থাকলে অন্যান্য পর্যায়ে যেকোনো ০১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।
৫.	প্রদর্শক (জীববিজ্ঞান) ১৬,০০০-৩৮৬৪০/-	০২টি	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান। বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোনো ০১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে। অথবা স্নাতকোত্তর/সমমান পর্যায়ের ২য় শ্রেণি থাকলে অন্যান্য পর্যায়ে যেকোনো ০১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।
	মোট =	১৮টি	

## শর্তাবলী

- প্রার্থীকে [www.dmlc.gov.bd](http://www.dmlc.gov.bd) ওয়েব সাইট থেকে চাকুরির আবেদন ফরম ডাউনলোড করে নির্ধারিত ফরমে ০৫ (পাঁচ) কপি পাসপোর্ট ছবিসহ আবেদন করতে হবে। আবেদন ফরমের নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে। আবেদনের সাথে কোন সনদ/সনদের ছায়াছবি সংযুক্ত করার প্রয়োজন নেই।
- মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ বরাবর নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ৩১ জুলাই ২০১৮ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। এ তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- প্রভাষক পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে NTRCA কর্তৃক নিবন্ধনভুক্ত হতে হবে।
- মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬ এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ-এর যে কোন শাখা থেকে ৭০০/- (সাতশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, তারিখ, ব্যাংক ও শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।
- প্রার্থীর বয়স ০১ জুলাই ২০১৮ তারিখে সর্বোচ্চ ৩০ বছর। প্রার্থীর বয়সের বিষয়ে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধির ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর।
- বিভাগীয় প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ পেনশন সুবিধা প্রাপ্য হবেন না তবে, 'কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড'-এর সুবিধা প্রাপ্ত হবেন।
- আবেদনকারীকে আবেদনের খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম লিখতে হবে।
- ফ্রেমপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীদের লিখিত, মৌখিক ও পাঠদান পরীক্ষা নেয়া হবে।
- নিয়োগ প্রক্রিয়ায় উপস্থিতির জন্য কোন দৈনিক ভাতা/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটাসহ সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সরকারের প্রচলিত অন্যান্য কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

মহাপরিচালক

সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর  
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।